



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক 'পোগোজ ল্যাবরেটরি স্কুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়'
নাম পরিবর্তনে আনন্দ র্যালি অনুষ্ঠিত



ঐহিত্যবাহী জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংলগ্ন 'পোগোজ স্কুল'-এর নাম পরিবর্তিত হয়ে 'পোগোজ ল্যাবরেটরি স্কুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়' ঢাকা করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ১২ নভেম্বর-২০১৮ এ সংক্রান্ত একটি সম্মতিপত্র জারি করে। এ উপলক্ষে স্কুল কর্তৃপক্ষ ১৫ নভেম্বর-২০১৮, বৃহস্পতিবার একটি আনন্দ র্যালির আয়োজন করে।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর নেতৃত্বে র্যালিটি পোগোজ ল্যাবরেটরি স্কুল হয়ে বিশ্ববিদ্যালয় প্রদক্ষিণ করে। এসময় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানসহ স্কুলের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।
উল্লেখ্য, ২০১৫-১৬ শিক্ষাবর্ষ হতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট চালু করা হয় এবং স্কুলটি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আই.ই.আর (Institute of Education and Research)-এর ল্যাবরেটরি স্কুল হিসেবে ব্যবহৃত হয়ে আসছে।